

জয়পুরহাট সরকারি কলেজ
(কম্পিউটার ল্যাব)
ডকেট / ডাইরী নং ৫১৮/১২
তারিখঃ ২৩/০৪/২০১৯



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর : রাশিবি/উমা/পনি-২৭৯

তারিখ : ১০/০৪/২০১৯

বিজ্ঞপ্তি

২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১. পবিত্র শব-ই-বরাতে ছুটি একদিন পিছিয়ে যাওয়ার কারণে আগামী ২২/০৪/২০১৯ তারিখের সকল পরীক্ষা ১২/০৫/২০১৯ তারিখ রবিবার সকাল ১০.০০ টা হতে বেলা ০১.০০ টা পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হবে।
২. ১৭/০৪/২০১৯ তারিখের আরবি, সংস্কৃত ও পালি (বিষয় কোড ১৩৩, ১৩৭, ১৩৯) ১ম পত্রের পরীক্ষা ০৯/০৫/২০১৯ তারিখ বৃহস্পতিবার বিকাল (২.০০ - ৫.০০)-টায় অনুষ্ঠিত হবে।
তবে ১৭/০৪/২০১৯ তারিখের ভূগোল ১ম পত্র (কোড ১২৫) সকালের পরীক্ষা পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী (১০.০০ - ০১.০০) টায় অনুষ্ঠিত হবে এবং বিকালের উচ্চাঙ্গ সংগীত (তত্ত্বীয়) ১ম পত্র (বিষয় কোড ২১৮) পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী (২.০০ - ৫.০০)-টায় অনুষ্ঠিত হবে।
৩. আরবি, সংস্কৃত ও পালি (বিষয় কোড ১৩৪, ১৩৮, ১৪০) ২য় পত্রের পরীক্ষাসমূহ ১৮/০৪/২০১৯ তারিখের পরিবর্তে ১১/০৫/২০১৯ তারিখ শনিবার বিকাল (২.০০ - ৫.০০)-টায় অনুষ্ঠিত হবে।
তবে ১৮/০৪/২০১৯ তারিখের ভূগোল ২য় পত্র (কোড ১২৬) সকালের পরীক্ষা পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী (১০.০০- ০১.০০) টায় অনুষ্ঠিত হবে এবং বিকালে উচ্চাঙ্গ সংগীত (তত্ত্বীয়) ২য় পত্র (বিষয় কোড ২১৯) পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী (২.০০- ৫.০০)-টায় অনুষ্ঠিত হবে।
৪. গার্হস্থ্য বিজ্ঞান (বিষয় কোড ২৭৩) ১ম পত্রের পরীক্ষা ০৪/০৫/২০১৯ তারিখ শনিবার সকাল (১০.০০ - ০১.০০) টার পরিবর্তে বিকাল (২.০০ - ৫.০০)-টায় অনুষ্ঠিত হবে।
তবে ০৪/০৫/২০১৯ তারিখের উচ্চতর গণিত ১ম পত্র (বিষয় কোড ২৬৫) এবং ইসলাম শিক্ষা ১ম পত্র (বিষয় কোড ২৪৯) সকালের পরীক্ষা পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী (১০.০০ - ১.০০)-টায় অনুষ্ঠিত হবে।
৫. গার্হস্থ্য বিজ্ঞান (বিষয় কোড ২৭৪) ২য় পত্রের পরীক্ষা ০৬/০৫/২০১৯ তারিখ সোমবার সকাল (১০.০০ - ১.০০) টার পরিবর্তে বিকাল (২.০০ - ৫.০০)-টায় অনুষ্ঠিত হবে।
তবে ০৬/০৫/২০১৯ তারিখের উচ্চতর গণিত ২য় পত্র (বিষয় কোড ২৬৬) এবং ইসলাম শিক্ষা ২য় পত্র (বিষয় কোড ২৫০) সকালের পরীক্ষা পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী (১০.০০ - ১.০০)-টায় অনুষ্ঠিত হবে।

বিশেষ দৃষ্টব্য : (ক) এছাড়া অন্যান্য সকল বিষয়ের পরীক্ষা যথারীতি পূর্বে প্রকাশিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

(খ) সকল ভারপ্রাপ্ত কর্মকর্তা 'পরীক্ষার পরিবর্তিত সময়সূচি' আগামী ১৬/০৪/২০১৯ তারিখ মঙ্গলবার অনুষ্ঠিতব্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের পরীক্ষার দিন নোটিশ আকারে পরীক্ষা কক্ষে অবশ্যই সংশ্লিষ্ট সকল পরীক্ষার্থীকে অবগত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

১০/০৪/১৯
প্রফেসর ড. মো: আনামুল হক গ্রাং
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন # ০৭২১-৭৭৬২৩১

কার্যার্থে প্রেরণ করা হলো :

ভারপ্রাপ্ত কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র আওতাধীন
এইচ.এস.সি পরীক্ষা-২০১৯ এর সকল কেন্দ্র